হার্জের প্রতি শ্রদ্ধার্ঘ্য

দুঃসাহসী টিনটিন

ভিনগ্রহের আগন্তুক

সুদীপ দেব

হার্জের প্রতি শ্রদ্ধার্ঘ্য

দুঃসাহসী টিনটিন

ভিনগ্রহের আগন্তুক

ছবি ও কাহিনী ঃ ফা-বার্জ

অনুবাদ ও বাংলা চিত্রণ ঃ সুদীপ দেব

ভিনগ্রহের আগন্তুক

ভৌউউউউউউউউ ! ভৌ ! ভৌ !
কুট্টুস . . . চুপ কর ! এইরকম বিচ্ছিরিভাবে ডাকছিস কেন ?
শোঁ-ও-ও-ও-ও-ও
যাঃ, আবার কারেন্ট অফ্ হয়ে গেল ।
স্যার, কিসের একটা আওয়াজ হল?
দাঁড়াও, নেস্টর . . .
আওয়াজটা বাইরে থেকে এসেছে, একবার বাগানে গিয়ে দেখতে হবে ।
তাহলে একটা টর্চ নিয়ে আসি ।
ধুত্তোরি! সন্ধ্যেটা একদম মাটি হয়ে গেল ।
হুঁশিয়ার, ক্যাপ্টেন ।
এদিকে এসো, কুট্টুস মনে হয় কিছু দেখতে পেয়েছে ।
আরে! এ কী !!!
ভৌ ভৌ!
আপনি !!!
!
প্রোফেসর ক্যালকুলাস !
আপনি ঠিক আছেন তো প্রোফেসর?
আইস্ক্রীম? নাহ ! আমাকে রসওয়েল গ্রহের প্রাণীরা কিডন্যাপ করতে এসেছিল

আরেকটু হলেই ধরে নিয়ে যাচ্ছিল আরকি !
ঠিক সময়মতো ঘরে লুকিয়ে পড়েছিলাম। হঠাৎ পেছনে একটা ছায়ামূর্তি দেখতে পেলাম . . . তারপরই একটা উজ্জ্বল আলোয় চোখ ধাঁধিয়ে গেল . . . তারপর . . . তারপর আর কিছু মনে নেই ।
এখন আর কিছু জানা যাবে বলে মনে হয় না। চলো, ঘরে যাওয়া যাক। কাল সকালে বরং এ ব্যাপারে ভাবা যাবে।
পরদিন সকালে . . .
কাল রাতের ঘটনার মাথামুন্ডু কিছুই তো আমি বুঝতে পারছি না। তুমি কিছু আন্দাজ করতে পারছ?
সেই ব্যাপারেই ভাবছি . . . ঘটনাটা খুব অদ্ভুত ।
একবার ঘটনাস্থলে যাওয়া যাক, যদি কোনো ক্লু পাওয়া যায় ।
চলো, আমিও যাচ্ছি ।
ক্যালকুলাস নিশ্চয়ই কিডন্যাপ হওয়ার গল্পটা বানিয়ে বলেন নি ।
হতেও তো পারে . . .
মনে করে দেখ ক্যাপ্টেন, প্রোফেসর আগেই আমাদের বলেছিলেন যে উনি ভিনগ্রহের প্রাণীদের সঙ্গে যোগাযোগ স্থাপনের চেষ্টা করছেন ।
ঘোড়ার ডিম ।
আর সেইজন্য এই এলাকাতেই ওদের আগমন । আসলে ওরা ক্যালকুলাসকে খুঁজে বেড়াচ্ছে ।
ক্যালকুলাসের সঙ্গে থেকে থেকে তোমারও মাথাটা গেছে দেখছি !
কেমন যেন একটা পোড়া পোড়া গন্ধ পাচ্ছি . . .
?
ওই দেখ . . . ঘাসগুলো কিরকম গোল জায়গা নিয়ে পুড়ে গেছে ? কি মনে হয় ক্যাপ্টেন? ইউ এফ ও ?
সহস্রকোটি কুজ্ঝটিকা ! ঐ তো দেখছি সত্যিই তাই !
ক্যাপ্টেন, আমার বারবার মনে হচ্ছিল যে প্রোফেসর কোনো বিপদে পড়েছেন . . . এখন জানতে হবে এরা কি চায় ? . . .
এর উত্তর হয়তো প্রোফেসরই দিতে পারবেন ।
ঠিক বলেছ ক্যাপ্টেন। কিন্তু এখন কিছু বলা চলবে না। রাত পর্যন্ত অপেক্ষা করতে হবে।
ঠিক আছে ।


সেদিন রাতে . . .
ঝপাৎ
বাপ্‌স ! . . . হাওয়াতে জানালাটা খুলে গেছে !
একটুতেই ভয় পেয়ে যাচ্ছি !
বাঁচাও ! বাঁচাও !
ক্যাপ্টেন ! . . . তুমি চিৎকার করলে ?
ধুত্তোর ! . . . আমি না . . .
ওরে বাবা রে ! বাঁচাও !
ক্যালকুলাসের ঘর থেকে আসছে . . .
ওই যে ঘরের মধ্যে . . .
তাড়াতাড়ি চলো . . .
শ্‌শশশ্‌ . . . একদম আস্তে !
আপনি বোধহয় স্বপ্ন দেখছিলেন প্রোফেসর ।
একটু আগেই এই ঘরের মধ্যে ছিল . . .
জানালার আওয়াজ নয় তো ?
আরে ! . . . ওই তো ! . . . একটা লোক পালাচ্ছে !

ক্যাপ্টেন জলদি !
কুট্টুস, ভাল করে খোঁজ ।
আআআআআহ !
ক্যালকুলাস ??
ফোস্কাপড়া ঝঞ্ঝাবর্ত . . . তাড়াতাড়ি চল !
আমাকে ?
কি হল কে জানে . . .
?
দুম
কুট্টুস ছাড়বি না !
!
ক্যাপ্টেন, তোমার আবার কি হল ?
আমি লোকটাকে প্রায় ধরেই ফেলেছিলাম । ব্যাটা আমাকে ধাক্কা মেরে পালালো ।
আরে ! . . . এটা কি ?
কুট্টুস যখন কামড়ে ধরেছিল তখন লোকটার পকেট থেকে পড়েছে . . .
M.I.B AGENCY
MILITARY INTELIGENCE
CAPITAINE
STEVEN SPIELBERG
HOLLYWOOD BLV
87594 USA

আর ক্যালকুলাস ? তিনি কোথায় ?
মনে হয় ঘরেই আছেন। আমি দেখছি।
নাহ্, ঘরে তো নেই . . .
বাগানে ফিরে চলো। ওখানেই দেখতে হবে।
ক্যালকুলাস !
প্রোফেসর !!
আপনি কি আমাদের সঙ্গে লুকোচুরি খেলছেন ?
এই দেখ ক্যাপ্টেন . . . ঝোপের মধ্যে ধস্তাধস্তির চিহ্ন।
তাহলে ধরাধরি . . .
আমি বুঝতে পারছি ঘটনাটা কি হয়েছিল। ক্যালকুলাস বাগানে এসেছিলেন, ওকে দেখতে পেয়ে গুন্ডারা ওর ওপর ঝাঁপিয়ে পড়ে।
কিন্তু কেন ? প্রোফেসরকে ধরে নিয়ে যাওয়ার একটা কারণ থাকবে তো !
আমি জানি না ক্যাপ্টেন . . . এটুকুই জানি ক্যালকুলাসকে আমাদের খুঁজে বের করতে হবে।
আমাদের সামনে এখন ওকে খুঁজে পাওয়ার একটাই সূত্র, ক্যালিফোর্নিয়ার স্পিলবার্গ।
তাহলে এখন ক্যালিফোর্নিয়া ছুটতে হবে !
তিন দিন পরে . . .
আমরা আর কিছুক্ষনের মধ্যে লস এঞ্জেলসে অবতরণ করব। যাত্রীদের সীট বেল্ট বেঁধে নেওয়ার জন্য অনুরোধ করা হচ্ছে।

হোটেলের ব্যাবস্থাপনা বেশ ভালোই দেখছি ।
এদের এখানে হুইস্‌কি পাওয়া যায় তো ?
এক ঘন্টা পর . . .
তাহলে টিনটিন , তুমি কিভাবে শুরু করতে চাও ?
প্রথমে আমাদের স্পিলবার্গকে খুঁজে বের করতে হবে ।
এবার একটু গলাটা ভিজিয়ে নেওয়া যাক , তোমার লাগবে নাকি হে ?
ক্যাপ্টেন , এটা মজা করার সময় নয় ।
তুমি ঠিকই বলেছ , টিনটিন ।
এদের সংস্থার কাজটাই বা কি ? কেনই বা ক্যালকুলাসকে এদের প্রয়োজন ?
আমাদের একটু সতর্কভাবে কথা বলতে হবে । এখানে কোথাও লুকোনো ক্যামেরা থাকতে পারে ।
বাঃ ! ছোকরার এলেম আছে বলতে হয় ।
SONY
তোমার মাথা খারাপ হয়ে গেছে টিনটিন । আমরা যে এখানে এসেছি সেটা কেউ জানে না ।
330
ঠক ঠক ঠক ঠক
?
!
কে ? . . . কোথায় ? . . .
330

সহস্রকোটি কুজ্ঝটিকা . . .
তোমার বন্ধুর খবর জানতে হলে ঠিক সন্ধ্রে ছটায় হোটেলের সামনে দাঁড়াবে
M-I-B
ফোস্কাপড়া ঝঞ্ঝাবর্ত ! এরা জানল কি করে যে আমরা ক্যালকুলাসকে খুঁজছি !
সত্যিই আশ্চর্য !
এরা তো সন্ধ্যে ছ'টায় হোটেলের সামনে দাঁড়াতে বলেছে . . . যাবে ?
অবশ্যই । কিন্তু আমাদের সাবধানে থাকতে হবে । এটা ফাঁদও হতে পারে ।
দু'ঘন্টা পর . . .
ওরা আসছে . . .
ছ'টা বাজে । দেখা যাক ।
DAILY PLAN
আরো কিছুক্ষন অপেক্ষা করতে হবে বলে মনে হচ্ছে ।
পিঁপ . . . পিঁপ !
মিঃ টিনটিন ? . . .
হ্যাঁ . . . কিন্তু . . . এ কী ! . . .
স্পিলবার্গ ? এর মানে কি ? কোথায় নিয়ে যাবেন আমাদের ?
আপনাকে কিছু জিজ্ঞাসা করা হয়েছে , উত্তর দিন !
নিউ মেক্সিকো ।
নিউ মেক্সিকো ? কিন্তু আমরা সেখানে গিয়ে কি করব ?
আপনাদের বন্ধু সেখানে অপেক্ষা করছেন . . . এর বেশী কিছু বলা যাবে না ।
ক্যালকুলাস নিউ মেক্সিকোতে আমাদের জন্য অপেক্ষা করছেন ? কি আবোল তাবোল বকছেন ?
উনি কিনা শেষে নিজের অপহরণকারীকে গাড়ি দিয়ে পাঠালেন আমাদের নিয়ে যাওয়ার জন্য !


রাত্রিবেলা গাড়ি এসে থামল একটা বিশাল বড় গেটের সামনে
HIGH-VOL
সংরক্ষিত এলাকা প্রবেশ নিয়ন্ত্রিত
এখানেই কি অনন্তকাল ধরে বসে থাকব নাকি ?
পাস ? . . . ঠিক আছে । আপনারা যেতে পারেন ।
ধন্যবাদ ।
কর্কশ
!
?
ফোস্কাপড়া ঝঞ্ঝাবর্ত ! আমরা যেন একটা আলিবাবার গুহায় ঢুকলাম ।
আমাদের পেছনের দরজাটা আপনাআপনি বন্ধ হয়ে গেল ।
সামনের দরজাটাও নিজে থেকে খুলে যাচ্ছে !
আমরা এসে গেছি ।
GATE 1
শেষ পর্যন্ত পৌঁছালুম তাহলে ।
অনুগ্রহ করে এদিকে আসুন ।
আর এখানেই . . .
GATE 3
LAB
বুকে এসো ক্যাপ্টেন । কতদিন পরে দেখা ।


তোমাদের দেখে যে আমার কি আনন্দ হচ্ছে ! আশাকরি রাস্তায় কোনো অসুবিধা হয় নি ।
না , মিঃ ক্যালকুলাস । তবে আমি জানতে চাই এর মানে কি ? কি হল , উত্তর দিন ? এটা কি ধরনের রসিকতা ?
আহা , মিঃ স্পিলবার্গ এ ব্যাপারে তোমাদের কিছু বলেন নি ? ঠিক আছে , আমি বলছি ।
আমার সঙ্গে এসো , তাহলেই বুঝতে পারবে ।
এদিকে লস এঞ্জেলসে . . .
সবকিছু ঠিকঠাক চললে আর কয়েকদিনের মধ্যেই রসওয়েল আমার হাতে চলে আসবে ।
বেশ কিছুদিন আগে রসওয়েল গ্রহ থেকে কয়েকটি ইউ এফ ও পৃথিবীতে এসেছিল । তাদের মধ্যে একটি মরুভূমির মধ্যে ভেঙে পড়ে । আমেরিকান সৈন্যরা সেটিকে খুঁজে পায় । যন্ত্রটার মধ্যে একটি ভিনগ্রহের প্রাণীও ছিল ।
হাঃ হাঃ হাঃ . . . দারুন গল্প . . . একদম সিনেমার মত . . . আপনি পারেনও বটে , প্রোফেসর . . . হোঃ হোঃ হোঃ !
কঙ্কাল ? না না জীবন্ত । তবে গভীর কোমায় আচ্ছন্ন । এদিকে এসো . . .
!?
!
আমি যে ভিনগ্রহের প্রাণীদের সঙ্গে যোগাযোগ স্থাপনের চেষ্টা করছিলাম সেটা আমেরিকার সরকার জানতো । তারা গোপন সংস্থা MIB -র মাধ্যমে আমাকে এ ব্যাপারে কাজ করার জন্য আমন্ত্রণ জানায় । আমি ছাড়াও আছেন স্পিলবার্গ . . .
রসওয়েলের বাসিন্দা ।
!?

অকল্পনীয় ! অবিশ্বাস্য ! অ . . . কি বলে . . . ধুর !
সত্যিই দারুণ ! আমার আবিষ্কার করা এই যন্ত্রের সাহায্যে এই আগন্তুক সুস্থ হয়ে উঠবে । আমি রসওয়েলের মহাকাশচারীদের সঙ্গে যোগাযোগ করতে পেরেছি , ওরা এসে ওকে নিয়ে যাবে ।
হাতে বেশী সময় নেই । কারণ দেরী হয়ে গেলে যদি রসওয়েলের ব্যাপারটা জানাজানি হয়ে যায় , তাহলে শত্রুপক্ষের হাতে পড়লে অনর্থ হবে ।
আগামীকাল বিশ্বের সব থেকে বড় আবিষ্কার তোমাদের দেখাব ।
রাত্রিবেলা . . .
EXIT
ঠকাং
কিসের যেন আওয়াজ হল ?
একবার দেখতে হচ্ছে . . .
কেউ একজন রসওয়েলের ল্যাবরেটরির দিকে যাচ্ছে ।
হ্যান্ডস্ আপ !
ঠং
LIFT 1
অ্যালান এখনো মরেনি বন্ধু !

তুমি এখানে কেন ?
ঘুমোচ্ছ কিনা দেখতে এসেছিলাম ।
জন্তুটা বেঁচে উঠতে আর কতদিন লাগবে ?
দু'এক সপ্তাহ লাগতে পারে ।
আমি তোমাকে আটদিন সময় দিলাম । এর বেশী নয় ।
বসের আর তর সইছে না । টিনটিন আর ওর বন্ধুকে আমি বুঝে নেব ।
পরদিন সকালে . . .
. . . তারপরই মাথায় তীব্র যন্ত্রনা আর চোখে সর্ষেফুল । কে মেরেছিল দেখতে পাইনি ।
ওরে কচুবনের মাকড়সা . . . ওরে পানাপুকুরের শামুক . . . একবার যদি তোকে হাতের কাছে পাই . . .
শান্ত হও ক্যাপ্টেন । মাথা ঠান্ডা রাখো ।
বদমাশটাকে আমি খুঁজে বের করবোই ।
এক সপ্তাহ পরে . . .
আপনি . . . ইয়ে . . . মানে . . . ভালো তো?
!
?
টিনটিন , তুমি সুস্থ হয়ে উঠেছ দেখে খুব ভাল লাগছে ।
আরে , আপনার আবিষ্কারটা দেখতে হবে না ?
নিশ্চয়ই , এসো ।
এটা অত্যন্ত গোপন কক্ষ । চব্বিশ ঘন্টা কড়া নজরদারি রাখা হয় ।
আশ্চর্য ! স্পিলবার্গ আমাকে দেখে ওরকম করছিলেন কেন!
?
ওই যে . . .




এসো , ওপরে উঠতে হবে ।
এই হল ককপিট যেখান থেকে ভিনগ্রহের বন্ধুদের সঙ্গে যোগাযোগ করা হয় ।
আর এটা ডিজিটাল কমিউনিকেটর । এর এখনোও কিছু কাজ বাকি আছে । এটা সম্পূর্ণ হলে ওদের ভাষায় আমরা কথা বলতে পারব ।
আমার মনে হয় আপনি পাগল হয়ে গেছেন , প্রোফেসর ।
আমি পাগল নই . . . কারণ এই উড়ন্ত চাকি কোনো শত্রুপক্ষের হাতে যাক সেটা আমি চাই না ।
টক
টক
সময় চলে যাচ্ছে . . . ভিনগ্রহের বন্ধুকে যত তাড়াতাড়ি সম্ভব রসওয়েলে ফেরত পাঠাতে হবে ।
প্রয়োজনে এই ঘাঁটি উড়িয়ে দেওয়ার কোনো ব্যাবস্থা আছে কি ?
বাঃ ! এটা তুমি দারুণ বলেছ । দেখছি . . .
ওইদিকে . . .
আআআআ
বাঁচাও ! বাঁচাও ! ওটা জেগে উঠেছে ! . . .
ওই যে . . . আমার পেছনে আসছে . . . আমি . . . আমি . . . আমায় দেখে হাসল . . .

ঠিক আমার পেছনেই ছিল ।
ক্যাপ্টেন , এবার কি তুমি পাগল হলে ?
টিনটিন , আমায় বিশ্বাস কর , ও আমার পেছন পেছন আসছিল ।
ঠিক আছে , ল্যাবরেটরিতে গেলেই বোঝা যাবে ।
এই রে ! ওদের না কিছু সন্দেহ হয় ।
ক্যাপ্টেন , তোমার কি একটু বিশ্রামের প্রয়োজন ?
আমার কথা বিশ্বাস হচ্ছে না ?
ঘুমোতেও পারো ।
আমাকে এখানে একা দেখলেই সন্দেহ করবে ।
দড়াম
এহে !
ইস । যাঃ !
স্পিলবার্গ ? অজ্ঞান হয়ে গেছেন ।
এই তো চেতনা ফিরছে ।
কি হয়েছিল ?
আমি আপনাদের কাছেই যাচ্ছিলাম । হঠাৎ তেলের মধ্যে পা পড়ে গিয়ে . . .
আপনার চশমা . . . তেল ?
কি করছেন প্রোফেসর ?
দেখে যাও টিনটিন ।
কাঁচের বাক্সে যে তেলের মধ্যে বাঁচিয়ে তোলার জন্য রসওয়েলের বন্ধুকে রাখা হয়েছিল এটা সেই তেল । তার মানে , ও বাইরে বেরিয়ে এসেছে ।



* চেষ্টা করলে তোমরাও বুঝতে পারবে।

সহস্রকোটি কুজ্ঝটিকা ! আহ্লাদের একটা সীমা থাকা উচিত ।
শুনুন মশাই , এবার থেকে পকেটে হাত ঢুকিয়ে কথা বলবেন ।
মশার ওষুধ ?
বাজারে অনেকরকম কিনতে পাওয়া যায় । মশার ওষুধ বানানোর থেকে আমার অনেক বেশী গুরুত্বপূর্ণ কাজ আছে ।
তখনই . . .
বেশী কাজ করা স্বাস্থ্যের পক্ষে ভাল নয় ।
অ্যালান ??
সবাই হাত ওপরে তোলো । বস খুব খুশী হবে । সবক'টা একসঙ্গে সাবাড় ।
ধন্যবাদ স্পিলবার্গ । এবার আমরা নিজেরাই রসওয়েলের দেখভাল করতে পারব । তোমার আর প্রয়োজন নেই ।
আর তোমাদেরও বিদায় জানানোর সময় হয়ে গেছে বন্ধু ।
কিন্তু . . . তুমি কথা দিয়েছিলে কাউকে প্রাণে মারবে না ।
আর তোমার মতো আহাম্মক সেটা বিশ্বাস করেছিল । হাঃ হাঃ হাঃ !
না অ্যালান , তুমি ওদের কিছুতেই মারতে পারবে না ।
কি হচ্ছেটা কী ?
ছেড়ে দে শয়তান !
আমি আসছি স্পিলবার্গ . . .
দুম
দুম
টিনটিন

টিনটিন ? . . . সাড়া দাও . . . টিনটিন . . .
ডোবার জলের জলদস্যু . . . এর জন্য তুই দায়ী . . .তোকে আমি . . .
আঃ . . . আমার আবার কি হল . . . মাথাটা ঘুরছে কেন . . .
ও কিছু না স্যার , একটু ঘুম পাবে । আপনার পাইপের মধ্যে আমি ওষুধ দিয়েছিলাম কিনা ।
!
শুঁয়োপোকা ! উচ্চিংড়ে ! গুবরে পোকা ! ভাগ্যিস ক্যালকুলাসের ধাক্কা লেগে পাইপটা ধরাইনি ।
তোকে আমি মঝসমুদ্রে কলার ভেলায় ভাসিয়ে দেব । গন্ডারের লেজে বেঁধে ঘোরাব। দামড়া বোম্বেটে !
ক্যাপ্টেন শান্ত হও ।
শান্ত হব ? আমি ? আমাকে শান্ত হ'তে বলছেন ? আপনি জানেন . . . এই . . . এই অলম্বুসটা আমার প্রিয় বন্ধুকে হত্যা করেছে । আমার ভাই . . . আমার সন্তান . . . ওহ্ !
ওদিকে তাকিয়ে দেখ ক্যাপ্টেন . . .
ওরে বাবা ! এ কী ?
রসওয়েলের লোকটা টিনটিনের মাথায় হাত রেখে কি করছে ? ম্যাজিক নাকি ?
না না প্লাসটিকের সিগারেট কেন হবে ? একে বলে বিজ্ঞানের ম্যাজিক ।

?
উফ . . . কি হয়েছিল ?
হুররর!
?
রসওয়েল ? তুমি কেমন আছ ?
তুমি ভীষণভাবে আহত হয়েছিলে । আমি আমার শক্তি থেকে খানিকটা তোমায় দিয়েছি । তুমি এখন ভাল আছ ।
কিন্তু . . . আমার শক্তি কমে গেছে । আমাকে আবার ল্যাবরেটরিতে যেতে হবে . . . বড্ড ক্লান্ত লাগছে ।
হ্যালো হ্যালো . . . ই টি বলছি . . . উত্তর দাও
ওরেব্বাবা ! অ্যালানের এই গোপন ট্রান্সমিটার কি বলছে শোনা যাক ।
হ্যালো . . . ই টি বলছি . . . কাজ কতদূর ?
রাস্তাপপোলাস !
কে ? কে ? . . . টিনটিন ? এ অসম্ভব
তোমার মতলব ভন্ডুল হয়ে গেছে । এবারেও হেরে গেলে বন্ধু !
আবার আবার আবার টিনটিন ! প্রত্যেকবার . . .
কিন্তু আমি এখনোও আমার শেষ কথা বলিনি টিনটিন ।
রাস্তাপপোলাস , তুমি অনেকটাই জেনে গেছ । তাই আমরা রসওয়েল এবং এই গোপন গবেষনাগারের সমস্ত চিহ্ন মুছে ফেলব ।
তাহলে এবারের মতো আমিই জিতলাম । কি বল , টিনটিন ?
কয়েকদিন পর . . .
বন্ধু , এখন কেমন আছ ?
অনেকটাই ভাল । তোমাদের যত্নে আর চিকিৎসায় আমি পুরোপুরি সেরে উঠেছি ।


বাঃ, খুব ভাল। এবার তাহলে তুমি বাড়ি যেতে পারবে।
আহা! কি মধুর দৃশ্য! গলাটা বড্ড শুকনো শুকনো লাগছে।
গক
আমাকেও একটু দিও তো ক্যাপ্টেন . . . চেখে দেখি।
সাধু! সাধু!
বিশ্বের দুই প্রান্তের সভ্য প্রানীজগতের চিরন্তন বন্ধুত্বের প্রতি উৎসর্গ করলাম . .
একটি সুন্দর বিদায় মুহূর্ত।
কয়েক মিনিট পর . . .
বিদায় বন্ধুরা। শেষ পর্যন্ত ফিরছি।
এবার আমাদেরও ফিরতে হবে। মার্লিনস্পাইক।
কুয়াশা কোথায় দেখলে ক্যাপ্টেন?
?
বিদায় পৃথিবী!
সমাপ্ত



বাংলায় টিনটিনের
অন্যান্য প্যাস্‌টীশ্‌

টিনটিনের প্রথম অভিযান
বর্ণশিল্প রহস্য
জাদু হ্রদের দৈত্য